৭

তারিখ 25 SEP 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

আজকের কাগজ

# প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফলে গড়মিল আদালতে মামলা

প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফলে প্রথমে গড়মিল এবং পরবর্তীতে শিক্ষা কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে সংশোধনী আদেশ জারির বিরুদ্ধে স্থানীয় সিনিয়র সহকারী জজ আদালতে এক মামলা দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত সংশ্লিষ্ট দু'জন পরীক্ষার্থীর সকল খাতা ও মূল নম্বর ফর্দ তলব করেছেন। মামলার বিবরণে প্রকাশ, ১৯৯২ সালের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত খুলনা বিভাগের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় পটুয়াখালী সদর থানার ফলাফলে ৫৬৩ নং রোলের বিপরীতে একেএম মঞ্জুরুল কবির-এর পরিবর্তে প্রণব কুমার হালদার-এর নাম প্রকাশ করা হয়। ফলাফলের এই গরমিল প্রসঙ্গে স্থানীয় সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গত ১১-৪-৯৩ তারিখে এক চিঠিতে প্রয়োজনীয় সংশোধনীমূলক ব্যবস্থা গ্রহণের জন্যে প্রাথমিক শিক্ষা অধিদফতরের খুলনা বিভাগীয় উপ-পরিচালককে অনুরোধ জানান। পরবর্তীতে ২৭-৬-৯৩ তারিখে এক সংশোধনী আদেশে প্রণব কুমার হালদার-এর নাম অপরিবর্তিত রেখে রোল নম্বর ৫৬৩-এর স্থলে ৫৬৬ উল্লেখ করা হয়। সংশ্লিষ্ট থানা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশক্রমে এ সংশোধনীমূলক ব্যবস্থা নেয়া হয় বলে গেজেটে উল্লেখ করা হয়। এ প্রেক্ষিতে ৫৬৩ রোল নম্বরধারী একেএম মঞ্জুরুল কবির বাদী হয়ে প্রাথমিক শিক্ষা অধিদফতরের বিভাগীয় উপ-পরিচালকের বিরুদ্ধে সম্প্রতি সিনিয়র সহকারি জজ আদালতে এক মামলা দায়ের করলে বিজ্ঞ আদালত এ আদেশ দেন। এদিকে বাদীর আবেদনের প্রেক্ষিতে মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত প্রণব কুমার হালদারকে বৃত্তির টাকা প্রদান না করে সে মর্মে অন্তর্বর্তী নিষেধাজ্ঞা জারি করেন। পটুয়াখালী থেকে জিএম তালুকদার।